



প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্প (She Power Project: Sustainable Development for Women Through ICT)

প্রকল্প পরিচিতি

নাম	প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন (She Power Project: Sustainable Development for Women Through ICT) প্রকল্প
মেয়াদ	জুলাই ২০১৭ - ডিসেম্বর ২০১৯
প্রাকল্পিত ব্যয়	৳১.৮৯৫৪ কোটি টাকা (সম্পূর্ণ জিওবি)
প্রকল্প এলাকা	বৃহত্তর ২১ জেলা

লক্ষ্য ও উদ্দেশ্য





উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি



পাইলটিং আকারে বৃহত্তর ২১ জেলার সদর উপজেলায় প্রতি উপজেলায় ৫০০ জন করে (সোভার-ঢাকা, ফরিদপুর সদর, টাঙ্গাইল সদর, জামালপুর সদর, ময়মনসিংহ সদর, হাটহাজারী-চট্টগ্রাম, সদর দক্ষিণ-কুমিল্লা, নোয়াখালী সদর, রাজামাটি সদর, সিলেট সদর, পবা-রাজশাহী, পাবনা সদর, বগুড়া সদর, নওগাঁ সদর, রংপুর সদর, দিনাজপুর সদর, ফুলতলা-খুলনা, যশোর সদর, কুষ্টিয়া সদর, বরিশাল সদর, পটুয়াখালী সদর) মোট ১০৫০০জন নারীকে প্রশিক্ষণ প্রদানের জন্য “প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন” প্রকল্পটি অনুমোদিত হয়েছে।

বর্তমান আওয়ামী লীগ সরকারের আমার গ্রাম-আমার শহর, তারুণ্যের শক্তি-বাংলাদেশের সমৃদ্ধি এবং নারীর ক্ষমতায়ন এই তিনটি গুরুত্বপূর্ণ নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে এ প্রকল্পটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গত ২৬ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে প্রকল্পটি উদ্বোধন করা হয়েছে।



চিত্র: প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠান

প্রকল্পের প্রশিক্ষণ মডিউল মোট ৩টি ক্যাটাগরিতে বিভক্ত; ১। **Freelancer to Entrepreneur** ২। **IT Service Provider** ৩। **Women Call Centre Agent** । এই তিন ক্যাটাগরিতে দেশের ২১টি বৃহত্তর জেলায় Freelancer to Entrepreneur এ ৪০০০ জন, IT Service Provider এ ৪০০০ জন, Women Call Centre Agent এ ২৫০০ জনসহ মোট ১০৫০০ জন নারীকে প্রশিক্ষণ ও ইন্টার্নশীপ প্রদান করা হয়েছে। তিন লেভেলের ৮ মাস ১২ দিন ব্যাপী এ প্রশিক্ষণ ও ইন্টার্নশীপ গত ৩০ জুন, ২০১৯ তারিখে সম্পন্ন হয়েছে। তিনটি লেভেলের ১ম লেভেলে ৩ মাস প্রশিক্ষণ ও ২ মাস ইন্টার্নশীপ, ২য় লেভেলে ১ মাস প্রশিক্ষণ ২ মাস ইন্টার্নশীপ এবং ৩য় লেভেলে ১২ দিনের ফলোআপ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। এ প্রকল্পের একটি উল্লেখযোগ্য উপাদান হচ্ছে প্রশিক্ষণের পাশাপাশি হাতে কলমে শিক্ষা বা ইন্টার্নশীপ ১ম ও ২য় লেভেল প্রশিক্ষণ সমাপ্ত করার পরে প্রশিক্ষণার্থীগণের জেলা পর্যায়ে বিভিন্ন আইটি প্রতিষ্ঠানে ২ মাস করে ইন্টার্নশীপ সম্পন্ন করেছে।



চিত্র: প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীগণ



চিত্র: প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে



চিত্র: প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন



চিত্র: প্রশিক্ষার্থীদের মাঝে সনদপত্র বিতরণ

সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারী অনেক প্রশিক্ষার্থী এখন সাবলম্বী হয়েছে। কেউ কেউ উদ্যোক্তা হিসেবে গড়ে উঠেছে। আবার অনেকের বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মসংস্থান হয়েছে। সর্বোপরি, নারী-পুরুষের বৈষম্যমুক্ত বাংলাদেশ বিনির্মাণে, আওয়ামীলীগ সরকারের নির্বাচনী ইশতেহারে আমার গ্রাম-আমার শহর, তারুণ্যের শক্তি-বাংলাদেশের সমৃদ্ধি এবং নারীর ক্ষমতায়ন এই তিনটি গুরুত্বপূর্ণ ইশতেহার বাস্তবায়নে এ প্রকল্পটি গুরুত্বপূর্ণ অনুষ্ণ হিসেবে কাজ করছে।